# জেলা পরিষদ

## চাঁপাইনবাবগঞ্জ

www.zpchapainawabganj.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪৩.৭০০০.০০২.৩৩.০১৫(অংশ-২).২৩- ৮১

তারিখ : ৩০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**দরপত্র বিজ্ঞপ্তি নং-০৪/২০২৩-২০২৪ (গাছ নিলাম)**

(উন্মুক্ত দরপত্র পদ্ধতি OTM)

চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন গাছ নিলামে বিক্রয়ের নিমিত্ত ইচ্ছুক কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তিসমূহের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্ন ছকে প্রদত্ত হলো।

| | |
|---|---|
| দরপত্র সিডিউল বিক্রয়ের দপ্তরসমূহ | জেলা পরিষদ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ; জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর। |
| দরপত্র দাখিলের স্থান | জেলা পরিষদ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ; জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর। |
| দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ০৫/০৩/২০২৪ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময় | ০৬/০৩/২০২৪ খ্রি. বেলা- ১:০০ ঘটিকা পর্যন্ত |
| দরপত্র খোলার তারিখ ও সময় | ০৬/০৩/২০২৪ খ্রি. বেলা- ৩:০০ ঘটিকায় উপস্থিত দরপত্রদাতা অথবা তাদের মনোনিত প্রতিনিধির (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে। |
| দরপত্র পূর্ব মিটিং এর স্থান, তারিখ ও সময় | জেলা পরিষদ সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ, তারিখ- ২৭/০২/২০২৪ খ্রি. সময়-১১:০০ ঘটিকায় |

গাছের বিবরণ-

| গ্রুপ নং | গাছের অবস্থান | গাছের সংখ্যা | আনুমানিক কাঠের পরিমাণ (ঘনফুট) | আনুমানিক জ্বালানির পরিমাণ (ঘনফুট) | জামানত বিডি/পে-অর্ডারের পরিমাণ | সিডিউল মূল্য অফেরতযোগ্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বারঘরিয়া-শিবগঞ্জ মহাসড়কের রানিহাটি টেক্সটাইল মিল হতে মহারাজপুর মেলার মোড় চাঁপাই এগ্রো ইন্ডাস্ট্রিজ কোল্ডস্টোরেজ পর্যন্ত ০১ হতে ৪২৫ পর্যন্ত খোদাই করে মার্কিংকৃত বিভিন্ন প্রজাতির ৪২৫ টি গাছ | ৪২৫ টি | ২৩৩৫.৯৪ ঘনফুট | ২২৩২.০০ ঘনফুট | ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) | ২০০০/- (দুই হাজার) |
| ০২ | আমনূরা -গোদাগাড়ি রাস্তার আমনুরা পেট্রোল পাম্প হতে আমনুরা খাদ্য গোডাউন মোড় পর্যন্ত ০১হতে ৫০পর্যন্ত খোদাই করে মার্কিংকৃত বিভিন্ন প্রজাতির ৫০টি গাছ | ৫০ টি | ৮০৯.৩১ ঘনফুট | ৩২৪৬.০০ ঘনফুট | ১,০০,০০০/- (এক লক্ষ) | ১০০০/- (এক হাজার) |
| | নয়াগোলা-আমনূরা রাস্তায় ০১ হতে ১৫ পর্যন্ত মার্কিংকৃত ১৫টি মরা আমগাছ | ১৫ টি | ---- | ১১০.০০ ঘনফুট | | |
| ০৩ | আমনূরা -গোদাগাড়ি রাস্তার আমনূরা খাদ্য গোডাউন মোড় হতে কেন্দুল পর্যন্ত (চাঁপাইনবাবগঞ্জ অংশে) ৫১ হতে ২৫৮ পর্যন্ত খোদাই করে মার্কিংকৃত বিভিন্ন প্রজাতির ২০৮টি গাছ | ২০৮ টি | ৩১২৯.০৮ ঘনফুট | ৬৪৪২.০০ ঘনফুট | ৩,০০,০০০/- (তিন লক্ষ) | ২৫০০/- (দুই হাজার পাচশত) |
| ০৪ | গোমস্তাপুর উপজেলার রহনপুর-হুজরাপুর ফেরীঘাট রাস্তায় ০১ হতে ৪৬ পর্যন্ত খোদাই করে মার্কিংকৃত বিভিন্ন প্রজাতির ৪৬টি গাছ | ৪৬ টি | ১৩৭১.৯৮ ঘনফুট | ৯০৯.০০ ঘনফুট | ১,০০,০০০/- (এক লক্ষ) | ১০০০/- (এক হাজার) |

দরপত্রের শর্তাবলী-

০১। দরপত্রদাতাগণকে দরপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) দরপত্র ক্রয়ের মূল রশিদ।

(খ) দরপত্র দাতার নিজনাম স্বাক্ষরিত ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।

(গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

(ঘ) দরপত্রদাতাকে প্রতিটি গ্রুপের জন্য পৃথকভাবে ছকে বর্ণিত পরিমাণ অর্থ জামানত হিসেবে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ বরাবর যে কোন তফসিলী ব্যাংক হতে বিডি/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০২। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র মূল্যায়ন না হওয়া পর্যন্ত জামানতের বিডি ফেরত দেয়া হবে না। দরপত্র মূল্যায়নের পর ১ম, ২য় ও ৩য় সর্বোচ্চ দরদাতার জামানতের বিডি রেখে, অন্যান্য দরদাতার আবেদন প্রাপ্তি সাপেক্ষে বিডি ফেরত দেয়া হবে। ১ম সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্তদরের সমুদয় অর্থ জমা হওয়ার পর ২য় ও ৩য় সর্বোচ্চ দরদাতার জমানতের বিডি ফেরত দেয়া হবে। জামানতের অর্থ, প্রদত্ত দর/ভ্যাট/আয়করের সাথে সমন্বয় করা যাবে না। বিক্রিত গাছগুলি শর্ত মোতাবেক অপসারণ করা হয়েছে কিনা এ মর্মে কার্যসম্পাদন প্রতিবেদন পাওয়ার পর ১ম সর্বোচ্চ দরদাতার জামানতের বিডি ফেরত দেয়া হবে।

০৩। দরপত্র দাতাগনের মধ্য হতে যার দর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সর্বোচ্চ হিসেবে বিবেচিত বা অনুমোদিত হবে, তাকে পত্র মারফত জানানো হবে। পত্রে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে দরপত্রে প্রদত্ত দরের সমুদয় অর্থ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ বরাবরে বিডি/পে-অর্ডার আকারে জমা দিতে হবে এবং প্রদত্ত দরের উপর ৭.৫%ভ্যাট ও ১০% আয়কর নগদ জমা দিতে হবে। অতপর শর্তসাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে। নির্ধারিত তারিখের মধ্যে প্রদত্ত দরের সমুদয় অর্থ, ভ্যাট ও আয়কর জমা দিতে ব্যর্থ হলে, তার জামানত বাজেয়াপ্ত হবে। এরুপ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

চলমান পাতা-০২

০৪। দরপত্রদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে অবশ্যই গাছগুলি/বনজদ্রব্য সরেজমিনে দেখে নিতে হবে। দরপত্র দাখিলের পর তা কাঠ/বনজদ্রব্য কম/নষ্টের অযুহাতে দরপত্র প্রত্যাহার করা যাবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর গাছ/কাঠ মরা, পঁচা, ঢোড় বা অন্য কোন ওজর আপত্তি উত্থাপনপূর্বক গাছের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার জামানতের বিডি/পে-অর্ডার বাজেয়াপ্ত করা হবে। এতে দরপত্রদাতার কোন দাবী গ্রহণযোগ্য হবে না।

০৫। দরপত্রদাতা কর্তৃক দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের বিডি/প্রদত্ত দরের বিডি ভুয়া বা কোন প্রকার জাল-জালিয়তি/প্রতারণার আশ্রয় গ্রহণ করলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। সমমূল্যের একাধিক সর্বোচ্চ দর পাওয়া গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট দরদাতাগণের উপস্থিতিতে লটারীর মাধ্যমে ১ম সর্বোচ্চ দরদাতা নির্বাচন করা হবে। তবে এ ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষ সকল দরপত্র বাতিল অথবা যে কোন সিদ্ধান্ত প্রদান করতে পারবেন।

০৭। গাছের মোথা ও কান্ডসহ ৩" - ৬" অবশ্যই মাটিতে রেখে গাছ কাটতে হবে।

০৮। রাত্রিকালীন সময়ে কোন প্রকারে গাছ কাটা/অপসারণ/স্থানান্তর করা যাবে না। গাছ কাটা/ অপসারণ/স্থানান্তরের সময় পার্শ্ববর্তী কোন গাছ /ঘরবাড়ি /স্থাপনা /যানবাহন /বৈদ্যুতিক তার/মাটির নিচে বা উপরের টেলিফোন লাইন/সড়কের কোন ক্ষতিসাধন করা যাবে না। অন্যথায় জামানতের অর্থ হতে ক্ষতিপূরণ আদায় করা হবে। যদি ক্ষতির পরিমাণ জামানতের অর্থের চেয়ে বেশী হয় তবে অতিরিক্ত অর্থ প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবরে নগদ/বিডি আকারে কার্যাদেশপ্রাপ্ত দরদাতা জমা দিতে বাধ্য থাকিবে। অন্যথায় প্রচলিত আইনানুযায়ী ক্ষতিপূরণের অর্থ আদায় করা হবে।

০৯। জেলা পরিষদের প্রতিনিধির উপস্থিতিতে গাছ কাটা/অপসারণ/স্থানান্তর করতে হবে। খোদাই করে মার্কিংকৃত গাছ ব্যতিত অন্য কোন গাছ কোন ক্রমেই কাটা যাবে না। এরুপ ত্রুটি পরিলক্ষিত হলে কর্তিত গাছের ০৫(পাঁচ) গুণ হারে ক্ষতিপূরণ আদায় করা হবে।

১০। দরপত্র খোলার দিন হতে বিক্রিত গাছের রক্ষণাবেক্ষনের দায়-দায়িত্ব সর্বোচ্চ দরদাতার উপর বর্তাবে। যদি কোন দৈব-দুর্বিপাকে, ঝড়-তুফানে, আগুনে পুড়ে, চুরি হলে বা অন্য কোন মাধ্যমে গাছের ক্ষতি হলে জেলা পরিষদ কোন দায়-দায়িত্ব বহন করবে না।

১১। গাছ কর্তন/অপসারণ/স্থানান্তরের সময় যানবাহন/মানুষের চলাচলে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না।

১২। দরপত্রে উল্লেখিত ভ্যাট ও আয়করের হার/পরিমাণ সরকার কর্তৃক পরিবর্তন করা হলে, পরিবর্তিত হারে ভ্যাট ও আয়কর আদায় করা হবে।

১৩। কর্তৃপক্ষ, কোন প্রকারে কারণ দর্শানো ব্যতিরেকেই দরপত্রের তফসিলে বর্ণিত তারিখ, সময়, স্থান , শর্তাবলী পরিবর্তন/ পরিবর্ধন/সংযোজন করতে পারবে এবং সর্বোচ্চ দর গ্রহণ করা বা না করা/ যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা:
মোঃ আফাজ উদ্দিন
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
টেলিফোন নম্বর- ০২৫৮৮৮৯৩৫০১
email-ceozpchapai@gmail.com

স্মারক নং- ৪৬.৪৩.৭০০০.০০২.৩৩.০১৫(অংশ-২).২৩- ৮৩/১(৫০)

তারিখ : ০৩ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৪। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০৫। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
০৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত/সড়ক ও জনপথ/এলজিইডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/পানি উন্নয়ন বোর্ড/বিএমডিএ, চাঁপাইনবাবগঞ্জ।
০৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট।
১০। মেয়র, চাঁপাইনবাবগঞ্জ/শিবগঞ্জ/নাচোল/রহনপুর পৌরসভা।
১১। সদস্য/সংরক্ষিত মহিলা সদস্য, ওয়ার্ড নং-২---, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
১২। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা/উপজেলা বন কর্মকর্তা, বন বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/নাচোল/গোমস্তাপুর/ভোলাহাট।
১৪। নির্বাহী পরিচালক, মহানন্দা সমাজ কল্যাণ সংস্থা, মহারাজপুর স্ট্যান্ড, চাঁপাইনবাবগঞ্জ। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো এবং দরপত্র দাখিল ও উন্মুক্তকরনের জন্য ধার্য্যকৃত তারিখে যথাসময়ে উপস্থিত থাকার জন্যও অনুরোধ করা হলো।
১৫। বিজ্ঞাপন ব্যবস্থাপক,-------------------------------------------------। বিজ্ঞপ্তিটি আগামী .............................. খ্রি. তারিখের মধ্যে ভিতরের পাতায় ০৩ কলামে ০৮ ইঞ্চি আকারে ০১(এক) দিনের জন্য প্রকাশ করে ০৩(তিন) কপি পত্রিকা ও বিজ্ঞাপন বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। সিএ টু চেয়ারম্যান, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৭। কম্পিউটার অপারেটর, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ। বিজ্ঞপ্তিটি জেলা পরিষদের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৮। নোটিশ বোর্ড, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
১৯। অফিস কপি।

১৭/০২/২০২৪
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।